

(১০২) হে বিশ্বাসিগণ! তোমরা আল্লাহকে যথার্থভাবে ভয় কর এবং তোমরা আত্মসমর্পণকারী (মুসলিম) না হয়ে মৃত্যুবরণ করো না।

এর অর্থ হল, ইসলামের যাবতীয় বিধান মেনে চলা, তার ওয়াজেব কাজগুলো সম্পূর্ণভাবে পালন করা এবং যত নিষিদ্ধ বস্তু আছে, তার ধারে-কাছেও না যাওয়া। কেউ কেউ বলেছেন, এই আয়াত নাযিল হলে সাহাবাগণ বড়ই বিচলিত হয়ে পড়েন। তাই মহান আল্লাহ **اِنَّا نُنْفُوا اللّٰهَ مَا اسْتَطَعْنَا** (তোমরা তোমাদের সাধ্যমত আল্লাহকে ভয় কর।) আয়াত অবতীর্ণ করেন। তবে এই আয়াতকে উক্ত আয়াতের 'নাসিখ' (রহিতকারী) মনে না করে তার ব্যাখ্যাকারী মনে করাই বেশী সঠিক। কারণ, নাসিখ তখনই মনে করতে হয়, যখন উভয় আয়াতের মধ্যে সামঞ্জস্য সাধন সম্ভব না হয়। এখানে তো উভয় আয়াতের মধ্যে সমন্বয় ও সামঞ্জস্য সাধন করা সম্ভব। যেমন এইভাবে অর্থ করা, **«اِنُّنْفُوا اللّٰهَ حَقَّ نِقَاتِهِ مَا اسْتَطَعْنَا»** “আল্লাহকে ঐভাবেই ভয় কর, যেভাবে স্বীয় সাধ্যমত তাঁকে ভয় করা উচিত।”

মুসলিম না হয়ে মরো না, অর্থাৎ, প্রকৃত মুসলিম না হয়ে মৃত্যুবরণ করো না। আর প্রকৃত ইসলাম হল : তাওহীদের সাথে আল্লাহর নিকট আত্মসমর্পণ করা, আনুগত্যের সাথে তাঁর অনুবর্তী হওয়া এবং শির্ক ও মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করা। ইসলামের রুক্ন পাঁচটি সহ ঈমানের ছয়টি রুক্ন সহ ইসলামের অন্যান্য আহকাম ও বিধান মেনে নিলে তবে ঐ নির্দেশ মানা হয়।